শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

Sher-e-Bangla Agricultural University

শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং- শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/০১(১৬৭)/২০২১-১৯৫২ তারিখ: ২৯-০৫-২০২২ খ্রিঃ

স্নাতকোত্তর প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে জানুয়ারি-জুন/২০২২ সেমিস্টারে কৃষি অনুষদ, এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ, এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদভুক্ত উল্লেখিত বিভাগসমূহে এমএস, এমবিএ এবং পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন আহবান করা যাচ্ছে।

০১. এমএস, কৃষি অনুষদ:

যোগ্যতা: শেকৃবি/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষিতে স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা কৃষি সংশ্লিষ্ট সমমানের ডিগ্রীধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

বিভাগসমূহ: এগ্রিকালচারাল বোটানী, এগ্রিকালচারাল কেমিস্ট্রি, এগ্রিকালচারাল এক্সটেনশন এন্ড ইনফরমেশন সিস্টেম, এগ্রোফরেস্ট্রি এন্ড এনভাইরনমেন্টাল সাইন্স, এগ্রোনমী, বায়োকেমিস্ট্রি, বায়োটেকনোলজী, এন্টোমোলজী, জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং, হর্টিকালচার, প্লান্ট প্যাথলজী এবং সয়েল সাইন্স।

০২. এমএস, এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ:

যোগ্যতা: শেকৃবি/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে B.Sc.Vet.Sci.&A.H. অথবা তৎসংশ্লিষ্ট সমমানের ডিগ্রীধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

বিভাগসমূহ: এনিম্যাল নিউট্রিশন, জেনেটিক্স এন্ড ব্রিডিং; এনিম্যাল প্রোডাকশন এন্ড ম্যানেজমেন্ট (এনিম্যাল সাইন্স); এনাটমি, হিস্টোলজি এন্ড ফিজিওলজি; ডেইরী সাইন্স; মেডিসিন এন্ড পাবলিক হেলথ; মাইক্রোবায়োলজি এন্ড প্যারাসাইটোলজি; প্যাথলজী; পোল্ট্রি বিজ্ঞান এবং সার্জারী এন্ড থেরিওজেনোলজি ।

০৩. এমএস, এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদ:

যোগ্যতা: শেকৃবি/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষি অর্থনীতিতে স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা কৃষি সংশ্লিষ্ট সমমানের ডিগ্রীধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

বিভাগসমূহ: কৃষি অর্থনীতি, ডেভেলপমেন্ট এন্ড পোভার্টি স্টাডিজ, কৃষি পরিসংখ্যান, ম্যানেজমেন্ট এন্ড ফিন্যান্স, এগ্রিবিজনেস এন্ড মার্কেটিং।

০৪. এমবিএ, এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদ:

যোগ্যতা: শেকৃবি থেকে বিএসসি (এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট) স্নাতক (সম্মান)/বিবিএ (এগ্রিবিজনেস) অথবা তৎসংশ্লিষ্ট সমমানের স্নাতক ডিগ্রীধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

বিভাগসমূহ: কৃষি অর্থনীতি, কৃষি পরিসংখ্যান, ডেভেলপমেন্ট এন্ড পোভার্টি স্টাডিজ, ম্যানেজমেন্ট এন্ড ফিন্যান্স, এগ্রিবিজনেস এন্ড মার্কেটিং।

০৫. পিএইচডি, কৃষি অনুষদ:

যোগ্যতা:

ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষিতে স্নাতক (সম্মান) ডিগ্রী এবং থিসিসসহ কৃষি বিজ্ঞানে এমএস/ এমফিল/ এমএসসি ডিগ্রী অথবা অন্য কোন বিশ্ববিদ্যালয় থেকে সমমানের ডিগ্রী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত)।

খ) স্নাতকোত্তর পর্যায়ের পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণী (কমপক্ষে ৫০% নম্বর) অথবা CGPA ৪.০ এর মধ্যে ৩.০।

গ) শিক্ষকতা/ গবেষণা/ সম্প্রসারণ কাজে কমপক্ষে ২ বৎসর চাকুরীর অভিজ্ঞতা।

ঘ) স্নাতকোত্তর ডিগ্রী অর্জনের পর ২টি বৈজ্ঞানিক প্রকাশনা।

অথবা

B.Sc. Ag. (Hons)/ সমমানের ডিগ্রীতে প্রথম শ্রেণী/ CGPA ৪.০ এর মধ্যে ন্যূনতম ৩.৫ প্রাপ্তিসহ এমএস ডিগ্রীতে CGPA ৪.০ এর মধ্যে ন্যূনতম ৩.৯ প্রাপ্ত প্রার্থীগণ সরাসরি পিএইচডি কোর্সে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।

বিভাগসমূহ: এগ্রিকালচারাল বোটানী, এগ্রিকালচারাল কেমিস্ট্রি, এগ্রিকালচারাল এক্সটেনশন এন্ড ইনফরমেশন সিস্টেম, এগ্রোফরেস্ট্রি এন্ড এনভাইরনমেন্টাল সাইন্স, এগ্রোনমী, এন্টোমোলজী, জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং, হর্টিকালচার, প্লান্ট প্যাথলজী এবং সয়েল সাইন্স।

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

Sher-e-Bangla Agricultural University

শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং- শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/০১(১৬৭)/২০২১-১৯৫২

তারিখ: ২৯-০৫-২০২২ খ্রিঃ

০৬. আবেদন করার নিয়ম:

ক) আগামী ০১/০৬/২০২২ হতে ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে এমএস/ এমবিএ এবং পিএইচডি প্রোগ্রামের আবেদন ফরম ডীন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ কার্যালয়, শেকৃবি হতে অফিস খোলা থাকাকালীণ সরাসরি সংগ্রহ করা যাবে। আবেদন ফরম সংগ্রহকারীদেরকে (আবেদন ফরমের মূল্য- এমএস প্রোগ্রামের জন্য ৫০০/- এবং পিএইচডি প্রোগ্রামের জন্য ১০০০/- টাকা) পূরণকৃত আবেদন ফরম উক্ত সময়সীমার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে ডীন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা-১২০৭ এর কার্যালয়ে জমা দিতে হবে।

খ) সরাসরি সংগৃহিত আবেদন ফরমের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও মার্কশীট/ একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপিসহ সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র ও ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, ইউনিয়ন পরিষদ/ পৌরসভা এর চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি সংযোজন করতে হবে। পিএইচডি প্রার্থীদের ক্ষেত্রে অধিকন্তু স্বীকৃত জার্নালে প্রকাশিত গবেষণাপত্রের প্রতিটির প্রথম পাতার কপি এবং অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি সংযোজন করতে হবে।

গ) এমএস/ এমবিএ প্রোগ্রামের জন্য আবেদনকারীগণকে আবেদন ফরমে পছন্দের বিষয়ক্রম উল্লেখ করতে হবে। পূরণকৃত আবেদন ফরম অনুযায়ী অনুষদ/প্রোগ্রাম পছন্দক্রম জমাদানের পর কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না।

ঘ) চাকরিরত বৃত্তিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে ভর্তির যোগ্যতা শিথিলযোগ্য। এক্ষেত্রে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে সংশ্লিষ্ট উচ্চশিক্ষার কর্তৃপক্ষের অনুমতিপত্রের কপি ভর্তি ফরমের সাথে সংযোজন করতে হবে। চাকরিরত বৃত্তিপ্রাপ্ত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে বৃত্তিপ্রাপ্তির নিশ্চয়তা পত্র দিতে হবে। ভর্তির জন্য নির্বাচিত চাকরিরত প্রার্থীদের এমএস প্রোগ্রামের জন্য গবেষণা ব্যয় হিসেবে এবং পিএইচডি প্রোগ্রামের জন্য বেঞ্চ ফি হিসেবে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ভর্তির সময় বিশ্ববিদ্যালয় এর ক্যাশ শাখায় জমা দিতে হবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃক কোন গবেষণা ব্যয় বহন করা হবে না।

ঙ) নির্বাচিত চাকরিরত প্রার্থীদের ক্লাস শুরুর পূর্বেই নিয়োগকর্তার নিকট হতে প্রেষণাদেশ/ অনুমতির কপি স্ব-স্ব বিভাগীয় চেয়ারম্যান এবং ডীন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ এর কার্যালয়ে জমা দিতে হবে।

চ) নির্বাচিত প্রার্থীগণের তালিকা ও ভর্তির সময়সূচি যথাসময়ে সংশ্লিষ্ট সকল বিভাগীয় চেয়ারম্যান ও ডীন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ কার্যালয়ের নোটিশ বোর্ডে দেয়া হবে ।

ছ) ক্লাস শুরু: এমএস ও পিএইচডি প্রোগ্রামে ভর্তিকৃত বিভাগসমূহের ক্লাস শুরুর তারিখ যথাসময়ে নোটিশের মাধ্যমে জানানো হবে।

অসম্পূর্ণ এবং অস্পষ্ট আবেদন বাতিল বলে গণ্য হবে।

(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়